

২০২০
বাংলা

তৃতীয় সেমিস্টার (DODL)

চতুর্থ পত্র

বিশেষ পত্র : রবীন্দ্রসাহিত্য

পূর্ণমান : ৮০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নের উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। ‘চতুরঙ্গ’কে মনস্তাত্ত্বিক উপন্যাস বলা যায় কি? উপন্যাসের বিষয়বস্তু বিশ্লেষণ করে এ সম্পর্কে তোমার মতামত দাও।

অথবা

‘চতুরঙ্গ’ উপন্যাসের গঠনশৈলী ও আধুনিকতা সম্পর্কে আলোচনা করো। ১৫

- ২। ‘মনের মধ্যে মনের মানুষ করো অন্বেষণ’ — ‘মানুষের ধর্ম’ গ্রন্থের আলোচনার প্রেক্ষিতে উদ্ধৃতিটির গুরুত্ব নির্দেশ করো।

অথবা

প্রচলিত ধর্ম - সম্পর্কিত ধারণার সঙ্গে রবীন্দ্রনাথের মানুষের ধর্মের পার্থক্য নির্দেশ করো। ১৫

- ৩। রবীন্দ্রনাথের গদ্যকবিতার পূর্বসূরীরূপে ‘লিপিকা’-র কয়েকটি রচনা নিয়ে আলোচনা করো।

অথবা

‘লিপিকা’র যে কোনো একটি রচনার ভাববস্তু ও শিল্পরীতি সম্পর্কে আলোচনা করো। ১৫

- ৪। আয়তনে ক্ষুদ্র ‘মালঞ্চ’ — এর উপন্যাস-ধর্ম রক্ষিত হয়েছে কিনা তা আলোচনা করে দেখাও।

অথবা

‘মালঞ্চ’ উপন্যাসে নীরজা ও সরলা চরিত্রের টানাপোড়েনে আদিত্য চরিত্রটির বিকাশ কতখানি সম্ভব হয়েছে — তা পর্যালোচনা করে দেখাও। ১৫

- ৫। সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো (যে কোনো চারটি) : ৫×৪=২০

ক) শ্রীবিলাস চরিত্র

খ) “এতদিন যে ধর্ম মানিয়াছি আজ তার শেষ বকশিশ চুকাইয়া লইলাম — কোন খেদ রহিল না।”

গ) ধর্মের বিচিত্র স্বরূপ

ঘ) “মানুষের পূর্ণতা দেহে - মনে - ভাবে। দেহগতভাবে মানুষের দুটো সত্তা”

ঙ) ‘সন্ধ্যা ও প্রভাত’

চ) ‘গঙ্গার জল হলেও নলের ভিতর দিয়ে’ আসার মতো।